আশ শিহাবুস সাকিব

ওয়াহাবী-বেদআতী ও দেওবন্দী

# সত্য কোন পথে?

# আশ শিহাবুস সাকিব

ওয়াহাবী-বেদআতী ও দেওবন্দী

# সত্য কোন পথে?

শায়খুল আরব ওয়াল আযম, কুতবুল আলম শাইখুল ইসলাম

**হুসাইন আহমদ মাদানী রহ.**

**আল্লামা মুফতী নূরুল্লাহ রহ.**

মুফতী মুহাম্মাদ নুসরাতুল্লাহ নূর
অনুদিত

**প্রকাশনায়**

**কাতেবিন**

**ইসলামী টাওয়ার** (২য় তলা), মাকতাবাতুল হুদা, বাংলাবাজার।
**কওমী মার্কেট,** (২য় তলা), দোকান নং-২, বাংলাবাজার।
০১৬৭৬ ৫৯৯৩২৪, ০১৩১৭ ৪৮২০০৩

প্রথম প্রকাশ
আগষ্ট ২০২১

দ্বিতীয় প্রকাশ
নভেম্বর ২০২২

© প্রকাশক কর্তৃক সংরক্ষিত

প্রকাশনায় : কাতেবিন প্রকাশন

**ইসলামী টাওয়ার** (২য় তলা), মাকতাবাতুল হুদা, বাংলাবাজার।
**কওমী মার্কেট,** (২য় তলা), দোকান নং-২, বাংলাবাজার।
০১৬৭৬ ৫৯৯৩২৪, ০১৩১৭ ৪৮২০০৩

প্রচ্ছদ ও অঙ্গসজ্জা
সাবেত চৌধুরী

নামলিপি
আলিনুর ইসলাম

মুদ্রিত মূল্য
৬০০.০০ (ছয়শত টাকা মাত্র)

As-shihabus sakib
Published by : Katebeen prokashon

© গ্রন্থস্বত্ব প্রকাশক কর্তৃক সংরক্ষিত। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত বইটির কোনো অংশের প্রতিলিপিকরণ, পুনর্মুদ্রণ, ফটোকপি, স্ক্যান, পিডিএফ প্রস্তুতকরণ, অন্য কোনো বই, ম্যাগাজিন, পত্রিকায় প্রকাশ সম্পূর্ণ নিষিদ্ধ। তবে দা'য়াহর স্বার্থে গ্রন্থের কোনো অংশ ব্যবহার করতে চাইলে উদ্ধৃতি ব্যবহার করা জরুরি। উপরোক্ত শর্তাবলীর লঙ্ঘন শরঈ দৃষ্টিকোণ থেকে অবৈধ।

**উৎসর্গ**-

দারুল উলূম দেওবন্দের সকল মনীষী আকাবের, মুহতারাম আব্বাজী-আম্মাজী, বড় ভাইসাব ও বেলায়েতুল্লাহ ভাইসাবের দারাজাত বুলন্দির উদ্দেশ্যে উৎসর্গিত।

(ক'ফোটা অশ্রু : প্রিয় বড় ভাইসাব! আপনি আব্বাজী রহ.-এর পাণ্ডুলিপিটি সংরক্ষণ না করলে আজকে এই মূল্যবান গ্রন্থটি হয়ত প্রকাশিত হতো না। এখন বই ছাপা হয়ে আসলেও আপনি আমাদের মাঝে নেই। বেলায়েতুল্লাহ ভাইসাবও চলে গেলেন। বড় কষ্ট লাগে। কেন ক'মাস আগে ছাপালাম না ভেবে দীর্ঘশ্বাস ফেলি। ফাইলের উপরে আপনার 'আব্বাজী' লেখা এবং বেলায়েতুল্লাহ ভাইসাবের অভিমত নেওয়ার কথা মনে হলে চোখ ঝাপসা হয়ে আসে। দুঃখগুলো একত্র হয়ে আমি যেন দুমড়ে মুচড়ে যাই।

আফসোস! এই অভাগা অনেকের কাছ থেকেই বহু কিছু পেয়েছি কিন্তু দিতে পারিনি কিছুই। আপনাদেরকেও দিতে পারিনি। আল্লাহ যেন আপনাদের এই কাজের সাওয়াব পৌঁছিয়ে দেন। জান্নাতে উচ্চ মর্যাদা দান করুন। এটাই আমার সুখ, এটাই স্বান্তনা। আমীন! আপনাদের স্মৃতিকাতর ছোটভাই,

-**মুহাম্মাদ নুসরাতুল্লাহ নূর (গুফিরাল্লাহু)**

اللّٰهُمَّ اغفر لهم وارفع درجاتهم و وسع مدخلهم و نقهم من الذنوب كما ينق الثوب الابيض من الدنس وارحمنا يا رحمان إذا صرنا الى ما صاروا اليه و صل الله و سلم على سيدنا و مولانا محد و آله و أصحابه و اتباعه أجمعين آمين برحمتك يا ارحم الراحمين.

# বই সম্পর্কে কিছু কথা

একজন পাঠক এখানে ইতিহাস পাঠের আনন্দ যেমন পাবেন তেমনি তাওহিদ-রিসালাতসহ দ্বীনের গুরত্বপূর্ণ মূলনীতি এবং আকিদা বিশ্বাসের জ্ঞানও আয়ত্ব করতে পারবেন। আকাবিরদের ওপর লাগানো অপবাদের অপনোদন যেমন পাবেন তেমনি আকাবিরদের শান ও মর্যাদা সম্পর্কেও অবগতি লাভ করতে পারবেন। অপরদিকে সময়ের সবচেয়ে মজলুম বিষয় 'মাযহাব ও তাসাওউফ' সম্পর্কেও স্বচ্ছ ও সঠিক ধারণা হাসিল হয়ে যাবে। পাশাপাশি লা-মাযহাবী, বেদআতীসহ দেওবন্দ-বিরোধীদের জন্য 'আশ-শিহাবুস সাকিব' গ্রন্থটি একটি সচেতনতামূলক দাওয়াতনামা। তাদের চোখে শত্রুতার যে কালো চশমা আছে, আল্লাহ চাইলে তা বন্ধুত্বের সাদা চশমায় পরিণত হবে। আমাদের বিশ্বাস তওবা করে তারাও সত্যপথের পথিক হবেন। ফিরে পাবেন ঊষাসিনিগ্ধ আলোর দিশা। ইনশাআল্লাহ!

"

ইশকে মুহাম্মদীর শরাবান তাহুরাতে বিভোর ওলামায়ে দেওবন্দ
আত্মিক দর্শনে তো মুহুর্মুহু হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি
ওয়া সাল্লামের যিয়ারতের স্বাদ গ্রহণ করছেন।
আর বাহ্যিক দর্শন ও নৈকট্য লাভের জন্যও রাত দিন ব্যকুল
বেকারার হয়ে থাকেন। সর্বদা ইশকে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি
ওয়া সাল্লামের আগুন তাঁদেরকে বিদগ্ধ করতে থাকে...

"

# একান্ত আরজ

الحمد لله رب العالمين والصلوة والسلام على رسوله خاتم النبيين و على آله وصحبه أجمعين اما بعد

শায়খুল আরবে ওয়াল আযম, শাইখুল ইসলাম হযরত মাওলানা সায়্যেদ হুসাইন আহমদ মাদানী র. এবং তাঁর জগতবিখ্যাত কিতাব আশ-শিহাবুস সাকিব সম্পর্কে জ্ঞানী মহল মাত্রই কমবেশী অবগত আছেন। গোটা বিশ্বের উলামায়ে দেওবন্দ বিশেষত বাংলাদেশ-ভারত-পাকিস্তানের আলেমগণ প্রায়ই রেফারেন্স হিসাবে কিতাবটির নাম নিয়ে থাকেন। ছাত্রজীবনে একদিন আমার আব্বাজী মুফতিয়ে আযম আল্লামা মুফতী নূরুল্লাহ র. এর কিতাব-পত্র দেখার সময় একটি পান্ডুলিপি পাই। পড়ে দেখি সেই ঐতিহাসিক আশ-শিহাবুস সাকেবেরই অনুবাদ সেটি। আপন উস্তাদ ও শায়খের এ অমূল্য কিতাবখানা আব্বাজী র. সেই জোয়ানকালেই অর্ধাংশ তর্জমা করেছিলেন। মহান উস্তাদের কিতাব যোগ্য শাগরেদের হাতে পূর্ণ ভক্তি-শ্রদ্ধার সাথে অনুদিত বলে যত পড়ি ততই মুগ্ধ ও চমৎকৃত হই। আজ আফসোস হয়! আব্বাজী র. যদি কাজটি সমাধা করে যেতে পারতেন কত্ত ভাল হত! এক সময় মনে হল, আব্বাজী র. হয়তো ইচ্ছা করেই তর্জমা পূর্ণ করে যাননি। বরং আমাদের জন্য 'ইলমী মীরাস' রেখে গেছেন। যেন এই অসিলায় আকাবেরদের কিতাব পড়াশোনা হয়। যেন সালাফের পথে পথে পদে পদে হয় আমাদের অনুসরণ। এভাবে চিন্তা করেই বাকী তরজমায় হাত দিয়েছি।

অনুবাদে ভাবার্থের পরিবর্তে কিতাবের বক্তব্যই যথাসাধ্য পেশ করা হয়েছে। এমনকি কালিমাতে দুয়া-ইয়্যাহ ও খুতবা যা মূল কিতাবে আরবীতে রয়েছে তা অনুবাদেও আরবিই রেখে দিয়েছি। কোন জায়গায় সহযোগী শব্দ ব্যবহার করলে প্রথম বন্ধনী দিয়ে করেছি। বিষয়বস্তু সহজে বুঝতে এবং কোন্ আলোচনা কোথায় রয়েছে তা জানতে বিষয়বস্তুর সাথে মিল রেখে শিরোনাম তৈরি করেছি। যা মূল কিতাবে অনুপস্থিত। এতে কিতাবটি বেশ উপভোগ্য হয়ে উঠবে ইনশাআল্লাহ!

আশ-শিহাবুস সাকিব সম্পর্কে মুহতারাম আব্বাজী র. মাশায়েখে চিশতে লিখেছেন, 'আশ-শিহাবুস সাকিব হযরত কুতবে আলম র. এর যৌবনকালের লেখা একটি মূল্যবান কিতাব। যা মওলভী আহমদ রেজা খাঁ বেরেলভী লিখিত (حسام الحرمين) হুসামুল হারামাইন এর জবাবে রচিত। রেজা খান সাহেব

ইংরেজদের চালে উপ-মহাদেশের স্বাধীনতাকামী মুজাহিদ ওলামায়ে কেরামের বিরুদ্ধে সাধারণ মুসলমানদের অন্তরে অভক্তি-বিষোদগার সৃষ্টির লক্ষ্যে যে সকল ধোঁকা আর দাজ্জালী তরীকা অবলম্বন করেছেন, হযরত কুতবুল আলম র. এ কিতাবে তার মুখোশ উন্মোচন করেছেন।'

অর্থাৎ ভণ্ড দল লা-মাযহাবী, বেদআতী রেজাখানিসহ বিরোধিরা আকিদা-বিশ্বাস ও আমলের ক্ষেত্রে মক্কা-মদীনার আলেম-উলামা ও সাধারণ মুসলমানদের সাথে দেওবন্দীদের তফাৎ ও ভিন্নতা দেখাতে চায়। কোরআন-হাদিস ও বাস্তবতার আলোকে এ কিতাবে তা ভুন্ডোল করে দেওয়া হয়েছে। এ জন্যই কিতাবটি আলেম তালেবে-ইলমদের জন্য হবে বাতেল চিহ্নিত করার এক উত্তম অধ্যয়ন। সর্ব সাধারণের জন্য হক-নাহক চিনার কষ্টি পাথর। পাশাপাশি তৎকালীন পবিত্র মক্কা-মদীনার আলেম-উলামা, সাধারণ মুসলমান এবং তাঁদের আকিদা বিশ্বাসের বিবরণী এক ঐতিহাসিক তথ্যভান্ডার।

বিষয়বস্তু ভারী হওয়ায় সাধারণতঃ কিতাব পড়ে আকায়েদ, উসূল ও দীনি বৈশিষ্টাবলী অধ্যয়ন ও অনুধাবন একপ্রকার কঠিনই বটে। কিন্তু কোন ঐতিহাসিক ঘটনার ছত্রে ছত্রে বিবৃত হলে ঘটনা জানার সাথে সাথে তুলনামুলকভাবে সহজে তা আয়ত্ব করা যায়। এই কিতাবে তাই হয়েছে স্বার্থকভাবে। একজন পাঠক এখানে ইতিহাস পাঠের আনন্দ যেমন পাবেন তেমনি তাওহীদ রেসালাত সহ দীনের গুরত্বপূর্ণ উসূল আকায়েদের জ্ঞানও আয়ত্ব করতে পারবেন। আকাবেরদের উপর লাগানো অপবাদের অপনোদন যেমন পাবেন। তেমনি আকাবেরদের শান ও মাকাম সম্পর্কেও অবগতি লাভ করবেন। অপরদিকে সময়ের সবচেয়ে মজলুম বিষয় 'মাযহাব ও তাসাওউফ' সম্পর্কেও স্বচ্ছ ও সঠিক ধারণাও হাসিল হয়ে যাবে। পাশাপাশি লা-মাযহাবী, বেদআতী সহ দেওবন্দ-বিরোধীদের প্রতি এটি একটি সচেতনতামূলক দাওয়াতনামা। তাদের চোখে শত্রুতার যে কালো চশমা রয়েছে আল্লাহ চাইলে তা বন্ধুত্যের সাদা চশমায় পরিণত হবে। আমার বিশ্বাস, তওবা করে তাদেরও সত্যপথে ফিরে আসার সুযোগ হবে ইনশাআল্লাহ!

এই বইয়ে **মুজাদ্দিদ** হল জনাব মৌলভী আহমদ রেজা খাঁ। তিনি বেদআতী হলেও তার অনুসারিগন তাকে মুজাদ্দিদ নাম দেয়। শিয়ালকে পন্ডিত মশায় বলার মত আর কি! তার জন্মস্থান ভারতের বেরেলীর সাথে সম্মন্ধ করে বেরেলভী, ভণ্ডামী ও দাজ্জালী করার কারণে ভণ্ড ও দাজ্জাল হিসেবে তিনি অভিহিত হয়েছেন। শয়তানী ও গোমরাহী প্রসারেই এই কাজগুলো তিনি করেছিলেন। তাই শয়তানী ও গোমরাহীর ভূষণেও ভূষিত হয়েছেন।

এই কিতাবের লেখক যেমন আলিশান তেমনি তার নামও খুবই অর্থবহ । মূল কিতাব 'আশ-শিহাবুস সাকিব আলাল মুসতারিকিল কাযেব' এর অর্থ মিথ্যা অপবাদকারীর উপর উল্কাপিন্ডের পতন। এর সাথে যুক্ত হয়েছে সংশ্লিষ্ট বিষয়ে হযরত মাদানী র. এরই আরেকটি পুস্তক। যার নাম রুজূমুল মাদানিয়্যীন আলা রুঊসিশ শায়াতিন। যার অর্থ হবে 'শয়তানের মাথায় মদীনাবাসীর প্রস্তর ক্ষেপণ'। আলেমগণ বুঝবেন কিতাবের নামটি সুরা হিজরে আল্লাহ জাল্লা শানুহুর ইরশাদ হতে চয়ন করা হয়েছে। ইরশাদ হচ্ছে,

وحفظناها من كل شيطان رجيم. الا من استرق السمع فأتبعه شهاب مبين

(আমি আকাশকে প্রত্যেক বিতারিত শয়তান থেকে নিরাপদ রেখেছি। কিন্তু যে চুরি করে শুনে পালাতে চায় তার পশ্চাদ্বাবনে ছুটে যায় উজ্জল উল্কাপিন্ড। সুরা হিজর আয়াত: ১৭, ১৮)

শাইখুল ইসলাম হযরত মাদানী র. ইতিহাস নির্মাতা এক ক্ষণজন্মা মনীষী! তাঁর যে কোন কিতাবই পড়ুন না কেন কিছু বিষয়ে সর্বত্রই মিল পাবেন। যাকে হযরত মাওলানা কাজী মুতাসিম বিল্লাহ র. 'বৈচিত্রের মাঝে ঐক্যের সুর' বলে প্রকাশ করেছেন। অর্থাৎ তাঁর রচনায় শরীয়তে ইসলামীর সৌন্দর্য ও মাহাত্ম্য, আখেরাতের পাথেয় যোগার, সত্যে অবিচলতা ও সত্য প্রকাশে আপোষহীনতা, বাতেলপন্থী ও সাম্রাজ্যবাদ বিরোধি লড়াই-সংগ্রাম, উম্মতে মুহাম্মদিয়ার দুনিয়া আখেরাতের স্বার্থ রক্ষার সীমাহীন দরদী ভূমিকা, আকাবেরে দীনের পূর্ণ অনুকরণ-অনুসরণ ইত্যাদিতে কোরআন হাদিস ও জ্ঞানের বিভিন্ন শাখার বৈশ্বিক যোগ্যতার প্রমাণ পাওয়া যায়। এখন আপনি তাঁর রচিত নকশে হায়াতই পড়ুন আর আশ-শিহাবুস সাকিবই পড়ুন। মাকতূবাতই দেখুন কিংবা তাকরিরে তিরমিযি থেকেই উপকৃত হোন। এমনকি অন্যদের লিখিত তাঁর জীবনী গ্রন্থগুলোতেও সেই ঐক্যের সুর অনুভব হবে। যদিও গ্রন্থগুলো ভিন্ন ভিন্ন উদ্দেশ্যেই রচিত হয়েছে। সুতরাং প্রিয় পাঠককে বই পাঠের সাথে এই সব মিঠাইয়ের জান্নাতী স্বাদ আস্বাদনের আমন্ত্রণ থাকল।

আমি কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি আমার আধ্যাত্মিক মুরুব্বি, জানেশীনে ফিদায়ে মিল্লাত হযরত মাওলানা সায়্যেদ মাহমূদ মাদানী দাঃ বাঃ এবং আমার উস্তাদ দারুল উলূম দেওবন্দের উস্তাজুল হাদিস হযরত মাওলানা মুফতী ইউসুফ তাউলয়ী দাঃ বাঃ-কে। বইটির ক্ষেত্রে উভয় হযরতের পরামর্শ ও দোয়া বড়ই ফলপ্রসূ প্রমাণিত হয়েছে। ঐতিহ্যবাহী জামেয়া ইউনুছিয়ার সম্মানিত সদরে মুহতামিম শাইখুল হাদিস আল্লামা আশেকে এলাহী ইব্রাহিমী দাঃ বাঃও

মুল্যবান বাণী দিয়ে আমাকে ধন্য করেছেন। শাইখুল ইসলাম হযরত মাদানী র. এর জীবনী পি এইচ ডি গবেষক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশের উপ-পরিচালক, শায়খুল হাদিস ডঃ মাওলানা মুশতাক আহমদ সাহেব দাঃ বাঃ অধমের আবদারে মুখবন্ধ লিখে দিয়েছেন। আজিবন আমি এ কথা ভুলতে পারব না।

শোকরিয়া জানাচ্ছি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উর্দূ বিভাগের চেয়ারম্যান জনাব ড. মাওলানা রশীদ আহমদ সাহেব, শেরপুরের জনাব হাজী মুহসিন ভাই ও শ্রদ্ধাভাজন ভাই-সাহেবান সহ সংশ্লিষ্ট সকলকে। আরেকজনের কথা না বললেই নয়; তিনি জনাব আলহাজ্ব গাজি নূর আহমদ ভাই। এই অমূল্য গ্রন্থের প্রকাশনার গুরুদায়িত্ব তিনি পালন করেছেন। রাসূলুল্লাহ সা. নেক কাজে ধনীদের অগ্রগামিতায় ঈর্ষা করার শিক্ষা দিয়েছেন। আমার দৃঢ় বিশ্বাস, এই গ্রন্থ প্রকাশের মধ্য দিয়ে তেমনই একটি ঈর্ষণীয় কাজ হয়েছে। আল্লাহপাক তাকে এই মহান কাজের উপযুক্ত প্রতিদান দুনিয়া আখেরাতে দিয়ে খুশি করুন। তাঁর এবং আমাদের সকলের সন্তানাদীকে হক্কানী আলেম, দীনের দায়ী হিসাবে কবুল করেন। আমীন!

আলহামদুলিল্লাহ বাংলা ভাষায় আশ-শিহাবুস সাকিব এর তর্জমা আমার জানা মতে এটিই প্রথম। অতএব ভুল-ভ্রান্তি থেকে যেতে পারে। উপরন্তু নিজের অযোগ্যতা তো আছেই। তাই নিঃশর্ত ক্ষমা চেয়ে সংশোধন-পরামর্শ পেলে সংশোধনের অঙ্গিকার করে ক্ষ্যান্ত করছি। আল্লাহ তাআলা এই প্রচেষ্টাকে কবুল করুন। নাজাতের জরীয়া বানিয়ে দেন। লেখক শাইখুল ইসলাম হযরত মাদানী ও অনুবাদক মুফতিয়ে আযম সহ ওলামায়ে দেওবন্দ র. এর মর্যাদা দিন দিন বৃদ্ধি করুন। আমাদেরকে তাঁদের অনুসরণ করে কামিয়াবী হাসিলের তৌফিক দান করুন। সংশ্লিষ্ট সবাইকে আকাবের র. এর সাথে হাশর করুন। আমীন

بحرمة سيد المرسلين صلى الله على نبينا محمد و آله و اصحابه اجمعين


বিনীত,

সাহেবযাদায়ে মুফতিয়ে আযম
মুহাম্মদ নুসরাতুল্লাহ নূর
nosratullah10@gmail.com

বিশ্ববিখ্যাত ইসলামী বিদ্যাপীঠ দারুল উলূম দেওবন্দের মুহাদ্দিস ও সাবেক নাজেমে তালিমাত, ফকীহুল মিল্লাত হযরত মুফতী মাহমূদ গঙ্গুহী র. এর খলীফা, উস্তাদে মুহতারাম হযরত মাওলানা মুফতী

**ইউসুফ তাউলভী দা. বা. এর দোয়া**

حامدا و مصليا اما بعد


باسمہ تعالیٰ
حامدا و مصلیا
جناب مولانا نصرت اللہ صاحب نور، صاحبزادہ محترم حضرت مولانا مفتی نور اللہ صاحب رح
نے اپنے والد محترم رح کے شیخ الاسلام حضرت مولانا حسین احمد صاحب رح کی الشہاب الثاقب
کے بقیہ ترجمہ کو مرتب کیا ہے اور باقی حصہ کی تکمیل فرمائی ہے حق تعالیٰ اسے قبول
فرمائے، اور سعادت دارین کا ذریعہ بنائے آمین
محمد یوسف
خادم تدریس دار العلوم دیوبند

বিসমিহী তাআলা

আল্লাহ তাআলার হামদ ও নবী করীম সা. এর প্রতি দরুদ ও সালামের পর আরজ হল,

শায়খুল ইসলাম হযরত মাওলানা হুসাইন আহমদ মাদানী সাহেব র. রচিত আশ-শিহাবুস সাকিব এর-তর্জমা হযরত মাওলানা মুফতী নূরুল্লাহ সাহেব র. সংকলন করেছিলেন। সম্মানিত পিতার অসমাপ্ত অংশের তর্জমা ও সংকলন পূর্ণ করেছেন তাঁরই মুহতারাম সাহেবজাদা জনাব মাওলানা নুসরাতুল্লাহ নূর সাহেব। আল্লাহ তাআলা একে কবুল করেন এবং দুনিয়া আখেরাতের সৌভাগ্যের অসিলা বানিয়ে দিন। আমীন!

(হযরত মাওলানা মুফতী ইউসুফ তাউলয়ী দাঃ বাঃ)

তাং ০৪-০৬-১৪৪০ হি.